রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মার্চ ১৫, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
ঢাকা।

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ/১২ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ।

নং **৬৪/২০২০/কাস্টমস**।—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর Section 9 এবং 10 এর প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কাস্টম হাউস, আইসিডি, কমলাপুরের মাধ্যমে শুল্কায়ন ও খালাসের উদ্দেশ্যে আনীত পণ্যচালানসমূহ কাস্টম হাউস, পানগাঁও এর আওতাধীন পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালের মাধ্যমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর কর্তৃপক্ষ কর্তৃক শুল্কায়ন ও খালাস কার্যক্রম সম্পন্নের অনুমতি প্রদান করিল, যথা :—

**শর্ত**

(১) আমদানিকারকগণ অথবা তাদের পক্ষে সিএন্ডএফ এজেন্ট সংশ্লিষ্ট শিপিং লাইনকে আমদানিতব্য কন্টেইনারের তালিকা প্রদান করে নদীপথে জাহাজযোগে পানগাঁও বন্দরে আনয়নের অনুরোধ করবে এবং প্রয়োজনীয় সহায়তার জন্য প্রণীত তালিকার একটি অনুলিপি সংশ্লিষ্ট কমিশনারদের সরবরাহ করবে;

(২) চট্টগ্রাম বন্দর হতে আলোচ্য পণ্যচালান বা কন্টেইনার শুধুমাত্র জলপথে পরিবহণ করে পানগাঁও বন্দরে আনয়ন করতে হবে;

(৩) পানগাঁও আইসিটি কর্তৃপক্ষ এ জাতীয় পণ্যচালানসমূহ পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালের অভ্যন্তরে শুল্কায়ন পরীক্ষণ ও খালাস কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থাদি নিশ্চিত করবেন;

(৪) এ জাতীয় পণ্যচালানসমূহের ক্ষেত্রে ইমপোর্ট মেনিফেস্ট সংশোধন বা স্ট্যাটাস পরিবর্তন করা যাবে না;


মূল্য : টাকা ৪.০০

(৫) পানগাঁও আইসিটিতে আগমনের পর হতে পণ্য ছাড় পর্যন্ত পণ্যচালানসমূহের নিরাপত্তা পানগাঁও আইসিটি কর্তৃপক্ষ নিশ্চিত করবে;

(৬) কাস্টম হাউজ, আইসিডি এ প্রজ্ঞাপনের আওতায় খালাসকৃত পণ্যচালানের বিস্তারিত তথ্য সাপ্তাহিক ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করবে;

(৭) পরিবহন সমস্যার কারণে সৃষ্ট চট্টগ্রাম বন্দরে কন্টেইনার জট হ্রাস করার উদ্দেশ্যে সম্পূর্ণ সাময়িক ব্যবস্থা হিসাবে এ কার্যক্রম গ্রহণ করতে হবে; এবং

(৮) আগামী ৩১ মে, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের পর এ প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**সৈয়দ গোলাম কিবরীয়া**
সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd